



<http://rangpur.judiciary.org.bd/>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা জজের কার্যালয়  
রংপুর।

অফিস আদেশ :

নং : ২৬ / ২০২০

তারিখ : ০৬ / ০২ / ২০২০ খ্রিঃ।

**বিষয় :** জনাব মোঃ খলিলুর রহমান, রেকর্ড কীপার (বর্তমানে অবসরোত্তর ছুটি ভোগরত), মহাফেজখানা, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জনাব মোঃ খলিলুর রহমান, রেকর্ড কীপার (বর্তমানে অবসরোত্তর ছুটি ভোগরত), মহাফেজখানা, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহি পর্যালোচনায় ও অত্রাদালতের হিসাবরক্ষক এর প্রতিবেদনের আলোকে তাহার মোট চাকুরীর মেয়াদ ২৫ বৎসরের উর্দ্ধকাল হওয়ায় তিনি বিধি মোতাবেক মূল বেতনের ৯০% হারে পেনশন পাইবার হকদার হইতেছেন।

আবেদনকারী কর্মচারীর সর্বশেষ মূল বেতন = ২২,৪৫০/- টাকা (শুধুমাত্র পেনশনের জন্য)। উপর্যুক্ত প্রতিবেদনের আলোকে অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাড়ায় = ২০,২০৫/- (বিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা, মোট অবসর ভাতার অর্ধাংশ অর্থাৎ ৪৫% হারে = ১০,১০২/৫০ (দশ হাজার একশত দুই টাকা পঞ্চাশ পয়সা) টাকা এর প্রতি ১ (এক) টাকার পরিবর্তে ২৩০ টাকা হারে (১০,১০২/৫০ × ২৩০) = ২৩,২৩,৫৭৫/- (তেইশ লক্ষ তেইশ হাজার পাঁচশত পাঁচাত্তর) টাকা এবং = ১০,১০২/৫০ (দশ হাজার একশত দুই টাকা পঞ্চাশ পয়সা) মাসিক অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

উল্লেখ্য, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর এর গত ২৭/০১/২০২০ খ্রিঃ তারিখের ইস্যুকৃত সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত কর্মচারীর শেষ বেতনের প্রত্যয়নপত্র হইতে দেখা যায়, সংশ্লিষ্ট কর্মচারীর গৃহ নির্মাণ অগ্রিম এর আসল ও সুদ বাবদ সর্বমোট = ১,০৯,৫০০/- (একলক্ষ নয় হাজার পাঁচশত) টাকা সরকারী পাওনা রহিয়াছে। আনুতোষিক বাবদ প্রাপ্য ২৩,২৩,৫৭৫/- (তেইশ লক্ষ তেইশ হাজার পাঁচশত পাঁচাত্তর) টাকা হইতে সংশ্লিষ্ট কর্মচারীর নিকট সরকারী পাওনা ১,০৯,৫০০/- (একলক্ষ নয় হাজার পাঁচশত) টাকা সমন্বয় অস্ত্রে (২৩,২৩,৫৭৫ - ১,০৯,৫০০) = ২২,১৪,০৭৫/- (বাইশ লক্ষ চৌদ্দ হাজার পাঁচাত্তর) টাকা আনুতোষিক বাবদ প্রাপ্য হইবেন। ইহাছাড়াও অন্য কোন খাতে সরকারী পাওনা থাকিলে উহা সমন্বয় অস্ত্রে আনুতোষিক পরিশোধ করা হউক।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত

(রাশেদা সুলতানা)

সিনিয়র জেলা জজ

রংপুর।

স্মারক নং : জেঃজঃরং- ৪৭ (৮)/২০২০

তারিখ : ০৬ / ০২ / ২০২০ খ্রিঃ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

- ১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা জজ আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
- ২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ হিসাব বিভাগ/মহাফেজখানা, জেলা জজ আদালত, রংপুর।
- ৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ৪। জনাব মোঃ খলিলুর রহমান, রেকর্ড কীপার (বর্তমানে অবসরোত্তর ছুটি ভোগরত), মহাফেজখানা, জেলা জজ আদালত, রংপুর।
- ৫। আদেশ বহি/অফিস ফাইল।

০৬/০২/২০২০  
(রাশেদা সুলতানা)  
সিনিয়র জেলা জজ  
রংপুর।